**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়**
**সাঘাটা, গাইবান্ধা।**

স্মারক নং-১৩.০৮.৩২৮৮.০০৭.৫৭.০০১.২০-৩৭৫ তারিখঃ ০৬/০৫/২০২৫ খ্রি.

**"ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সাঘাটা উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ওএমএস কর্মসূচি নীতিমালা-২০২৪' এবং খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা এর ০৯ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ২০৫ নং স্মারকপত্র ও খাদ্য অধিদপ্তর, বণ্টন শাখা এর ১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখের ১১৯ নং স্মারকপত্রের আলোকে সাঘাটা উপজেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ উপজেলার বোনারপাড়া ইউনিয়নের ০৩ (তিন) টি নির্ধারিত বিক্রয়কেন্দ্রের বিপরীতে প্রতিটি কেন্দ্রে ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন ডিলার নিয়োগ করা হবে। **আগামী ২০ মে ২০২৫ খ্রি. হতে ০৩ জুন ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে আবেদনপত্র গ্রহণ ও জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

| কেন্দ্র নং | ইউনিয়নের নাম | বিক্রয়কেন্দ্রের নাম |
|---|---|---|
| ০১ | বোনারপাড়া | শিমুল তাইড় (কৃষি ব্যাংক সংলগ্ন), সাঘাটা রোড, বোনারপাড়া |
| ০২ | বোনারপাড়া | সোনালী ব্যাংক সংলগ্ন, বোনারপাড়া বাজার |
| ০৩ | বোনারপাড়া | কলেজ মোড়, বোনারপাড়া |

**আবেদনের শর্তাবলী ঃ**

১. বাংলাদেশের জাতীয় পরিচয়প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
২. আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
৩. আবেদনকারীকে অবশ্যই খাদ্য অধিদপ্তরের 'ফুডগ্রেইন' লাইসেন্সপ্রাপ্ত প্রকৃত খাদ্যশস্য ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্সটি অবশ্যই হালনাগাদ থাকতে হবে।
৪. আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিয়নের যে বিক্রয়কেন্দ্রের ডিলারশিপের জন্য আগ্রহী ঐ নির্ধারিত কেন্দ্রে অবশ্যই তার নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে। ভাড়ায় দোকানের ক্ষেত্রে দোকানভাড়ার চুক্তিনামা ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পের মাধ্যমে হতে হবে কিংবা নিজস্ব স্থাপনা হলে এর মালিকানার দলিল থাকতে হবে। তবে সরকার কোনো কারণে স্থান পরিবর্তন করলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৫. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
৬. খাদ্য অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্য বান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তাঁর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
৭. খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
৮. আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ০৩.০০০ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
৯. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে। স্বচ্ছলতার সনদপত্রের মূলকপি (তফসিলি ব্যাংকের শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রদেয়) সংযুক্ত করতে হবে। ব্যাংক অ্যাকাউন্ট থাকার প্রমাণপত্র কিংবা অ্যাকাউন্ট স্টেটমেন্ট স্বচ্ছলতার সনদ হিসেবে গ্রহণযোগ্য নয়।
১০. ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
১১. কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
১২. ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্টফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
১৩. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১৪. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১৫. একজন ব্যক্তি শুধু একটি বিক্রয়কেন্দ্রের বিপরীতে ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন। কোনো আবেদনকারীর একাধিক বিক্রয়কেন্দ্রের বিপরীতে ডিলারশিপের আবেদনপত্র পাওয়া গেলে তার সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬. আবেদনকারীদের দাখিলকৃত দলিলাদি এবং তাদের দোকানঘর সরেজমিনে যাচাইপূর্বক একটি বিক্রয়কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্য আবেদনকারী পাওয়া গেলে সকল যোগ্য আবেদনকারীর মধ্য হতে তাদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ঐ বিক্রয়কেন্দ্রের ডিলার নির্বাচন করা হবে। লটারির প্রয়োজন হলে এর স্থান, সময় ও তারিখ এ দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১৭. ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করেত হবে। অফেরত যোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের মুল কপি প্রদর্শনপূর্বক এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সাঘাটা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। চালানের টাকা প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তরের "কোড নং- ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯- অন্যান্য আদায়" খাতে 'এ-চালান (A-Chalan)' এর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে এ দপ্তর হতে চালান পাশ করতে হবে। চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৮. নির্বাচিত ডিলারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। তবে ওএমএস কার্যক্রম শেষে কোনো দায়দেনা বা ত্রুটি থাকলে হারাহারি মতে মূল্য নির্ধারণ করে উক্ত জামানত থেকে সমন্বয় করে অবশিষ্ট টাকা ডিলারকে ফেরত দেয়া হবে । এতদব্যতীত অঙ্গীকারনামায় উল্লিখিত শর্তসমূহ প্রযোজ্য হবে ।

১৯. ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সকল সরকারি নির্দেশনা এবং অন্যান্য আদেশসমূহ প্রযোজ্য হবে।

২০. কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১. অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবে ঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১ | ট্রেজারি চালানের মূল কপি | ০৬ | দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি |
| ০২ | সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবি | ০৭ | খাদ্যবিভাগ কর্তৃক প্রদানকৃত ফুডগ্রেইন লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি |
| ০৩ | জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি | ০৮ | নাগরিকত্ব সনদের মূলকপি |
| ০৪ | হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি | ০৯ | অঙ্গীকারনামা |
| ০৫ | ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদের মূলকপি | | |

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা হতে আবেদন ফর্ম সংগ্রহ করে পূরণপূর্বক এর সাথে উপরোল্লিখিত দলিলাদি সংযুক্ত করে মুখবন্ধ খামে ঐ কার্যালয়ের নির্ধারিত স্থানে জমা দিতে হবে। খামের উপর স্পষ্টভাবে কেন্দ্র নং, বিক্রয়কেন্দ্র ও ইউনিয়নের নাম, আবেদনকারীর নাম ও মোবাইল নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

- বিজ্ঞপ্তিটি **https://saghata.gaibandha.gov.bd** এবং **http://food.saghata.gaibandha.gov.bd** ওয়েব সাইটেও পাওয়া যাবে।

০৫/৫/২০২৫

(ফাহাদ ইবনে সালাম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য-সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
সাঘাটা, গাইবান্ধা